

মুক্তি

আবদুল খালেক



চারিদিকে শুনি মৃত্যু সংবাদ
দিকে দিকে বেজেছে যুদ্ধের ডাক
নতুন বাস ভূমি করতে হবে আবাদ
তাতে যাবে যতই প্রাণ যাক।
নির্বাক সেজে দাড়িয়ে থাকার সময়
আজ নয়, নিতে হবে দুর্বীর শপথ—
স্বাধীনতার মুক্তি পেল কত দেশময়
সোনালি মুক্তি হবে মোদেরই পথ।
জাগো হে বাঙ্গালি জাতি—
দুনিয়া বাসীকে লাগিয়ে তাক
নির্বিগ্নে জ্বালাবার তরে বাতি
উঠেছে আজ যুদ্ধের ডাক।
মুক্তি মোদের কাম্য, মুক্তি মোদের আশা
মুক্তির জোরে জাতি পেয়েছে মুখের ভাষা।
চিরদিন শোষকের নীড়ে ধরেছে শত ভাজন
জয় হবে ন্যায়ের, হবে শোষনের আশ্ফালন।

৩০/০৫/৭১

